

# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১০৪

১৫/ কিতাবুল জানাযা (کتاب الجنائز)

পরিচ্ছেদঃ ২০০. মৃত ব্যক্তির চোখ বন্ধ করা সম্পর্কে।

باب تَغْمِيضِ الْمَيِّتِ

### আরবী

حَدَّتَنَا عَبْدُ الْمَلِكِ بْنُ حَبِيبٍ أَبُو مَرْوَانَ، حَدَّتَنَا أَبُو إِسْحَاقَ، \_ يَعْنِي الْفَزَارِيَّ \_ عَنْ خَالِدٍ الْحَذَّاءِ، عَنْ أَبِي قِلاَبَةَ، عَنْ قَبِيصَةَ بْنِ ذُوَيْبٍ، عَنْ أُمِّ سَلَمَةَ، قَالَتْ دَخَلَ رَسُولُ خَالِدٍ الْحَذَّاءِ، عَنْ أَبِي قِلاَبَةَ، عَنْ قَبِيصَةَ بْنِ ذُوَيْبٍ، عَنْ أُمِّ سَلَمَةَ، قَالَتْ دَخَلَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَلَى أَبِي سَلَمَةَ وَقَدْ شَقَّ بَصِرُهُ فَأَغْمَضَهُ فَصِيَّحَ نَاسٌ مِنْ أَهْلِهِ فَقَالَ " لاَ تَدْعُوا عَلَى أَنْفُسِكُمْ إِلاَّ بِخَيْرٍ فَإِنَّ الْمَلاَئِكَةَ يُومِّنُونَ عَلَى مَا تَقُولُونَ ". ثُمَّ قَالَ " اللَّهُمَّ اغْفِرْ لأَبِي سَلَمَةَ وَارْفَعْ دَرَجَتَهُ فِي الْمَهْدِيِّينَ وَاخْلُفْهُ فِي عَقِبِهِ فِي الْغَابِرِينَ وَاغْفِرْ لَلَهُ مِي عَقِبِهِ فِي الْغَابِرِينَ وَاغْفِرْ لَلَهُ مَلِ الْعَالَمِينَ اللَّهُمَّ افْسَحْ لَهُ فِي قَبْرِهِ وَنَوِّرْ لَهُ فِيهِ ".

#### বাংলা

৩১০৪. আব্দুল মালিক ইবন হাবীব আবৃ মারওয়ান (রহঃ) ..... উম্মু সালামা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আবৃ সালামা (রাঃ)-এর মৃত্যুর সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাল্ল আলাইহি ওয়াসাল্লাম তাঁর নিকট হাযির হন। এ সময় তাঁর চোখ খোলা ছিল। তিনি তাঁর চোখ বন্ধ করে দেন। এ দেখে তাঁর পরিবার-পরিজন চীৎকার দিয়ে কাঁদতে থাকে। তখন তিনি বলেনঃ তোমরা তোমাদের ক্রন্দনের মাঝে তার জন্য (মৃতের) কল্যাণ ছাড়া আর কিছুই চাবে না। কেননা, ফেরেশতারা তোমাদের কথার সমর্থনে 'আমীন' বলে থাকেন। এরপর তিনি বলেনঃ

اللَّهُمَّ اغْفِرْ لأَبِي سَلَمَةَ وَارْفَعْ دَرَجَتَهُ فِي الْمَهْدِيِّينَ وَاخْلُفْهُ فِي عَقِبِهِ فِي الْغَابِرِينَ وَاغْفِرْ لَنَا وَلَهُ رَبَّ الْعَالَمِينَ اللَّهُمَّ افْسَحْ لَهُ فِي قَبْرِهِ وَنَوَّرْ لَهُ فِيهِ

অর্থাৎ ইয়া আল্লাহ্! আপনি আবূ সালামাকে মাফ করে দিন এবং তাঁর মর্যাদা, যারা হিদায়াতপ্রাপ্ত হয়েছে, তাদের ন্যায় সমুন্নত করুন। তাঁর পরিবার-পরিজন, যারা তাঁর পশ্চাতে আছে, আপনি তাদের যিম্মাদারী গ্রহণ করুন। হে সারা জাহানের রব! আপনি আমাদের এবং একে ক্ষমা করুন। ইয়া আল্লাহ্! আপনি তাঁর জন্য তাঁর কবরকে প্রশস্ত করে দিন এবং তা তাঁর জন্য আলোকিত করুন।



## **English**

#### Narrated Umm Salamah:

When the Messenger of Allah () entered upon Abu Salamah, his eyes were fixedly open. So he closed them. The members of his family cried. He said: Do not pray for yourself anything but good, for the angels utter Amin to what you say. He then said: O Allah, forgive Abu Salamah, raise his rank among those who are guided, and grant him a succession in his descendants who remain. Forgive both us and him, Lord of the universe. O Allah, make his grave spacious for him, and grant him light in it.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন